প্রথম আলো

তারিখ 25 SEP 2015
পৃঃ — ২৩ কলাম — ৩৬

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# কর্মকর্তা-কর্মচারীদের চার দফা দাবিতে কর্মবিরতির হুমকি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অনুত্তীর্ণ পোষ্যদের ভর্তিসহ চার দফা দাবিতে কর্মবিরতির হুমকি দিয়েছে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা। গতকাল মঙ্গলবার সকাল ১০টার দিকে অনুষ্ঠিত সাধারণ সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানান কর্মচারী সমিতির সভাপতি আইনাল হক।

তিনি আরও জানান, অনুত্তীর্ণ ৯৬ জন পোষ্যকে ভর্তি করাতে প্রশাসনকে আগামী মঙ্গলবার পর্যন্ত সময় বেঁধে দেওয়া হয়েছে। এর মধ্যে ভর্তি করানোর সিদ্ধান্ত না হলে কাল বুধবার অর্ধদিবস ও পরদিন বৃহস্পতিবার পূর্ণদিবস কর্মবিরতি পালন করা হবে।

অন্য তিনটি দাবি হলো, পোষ্য ভর্তিসংক্রান্ত জটিলতার স্থায়ী সমাধান করা, প্রয়োজনীয় শর্ত পূরণের দিন থেকে কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি দেওয়া এবং প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার আয় থেকে সব কর্মকর্তা-কর্মচারীকে তাঁদের নিজ নিজ বেতনকাঠামোর (স্কেল) সমান টাকা দেওয়া।

ভর্তি পরীক্ষায় ৩৫ শতাংশ নম্বর পেয়ে উত্তীর্ণ ৪৩ জন পোষ্য ইতিমধ্যে বিভিন্ন বিভাগে ভর্তি হয়েছে। এবার অনুত্তীর্ণ ৯৬ জন পোষ্যকে ভর্তি করানোর দাবি জানাচ্ছেন কর্মকর্তা-কর্মচারীরা। এর আগে গত আগস্ট মাসে তাঁদের দাবির মুখে ভর্তি পরীক্ষার যোগ্যতা শিথিল করে পুনঃবিজ্ঞপ্তি প্রকাশ করে প্রশাসন। তাঁদের এসব দাবিকে অবৈধ ও অযৌক্তিক আখ্যায়িত করে সম্প্রতি এর বিরুদ্ধে আন্দোলনে নামেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা। শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলনের মুখে গত সোমবার বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির সভায় অনুত্তীর্ণ পোষ্যদের ভর্তি না করানোর সিদ্ধান্ত নেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন।